স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — জুন ও ডিসেম্বর, ২০০৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (প্রথম পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) দেশকালের প্রেক্ষাপটে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির মূল্যায়ন করুন।

খ) প্রাক্-চৈতন্য ও উত্তর-চৈতন্য যুগে মহাভারতের অনুবাদ ও অনুবাদকদের সম্পর্কে বিশদ আলোচনা করুন।

গ) 'বাঙালির সংস্কৃতি বাঙালি জাতির সংস্কৃতি' —সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের অবলম্বনে বাঙালির সংস্কৃতির পরিচয় দিন।

ঘ) বাংলা গদ্য তথা প্রবন্ধ সাহিত্যের বিকাশে উনিশ শতকের সাময়িক পত্রিকাগুলির একটি বিরাট অবদান আছে। —বিস্তারিত পরিচয় দিন।

ঙ) বেলগাছিয়া নাট্যশালা থেকে শুরু করে ন্যাশনাল থিয়েটার পর্যন্ত বাংলা রঙ্গমঞ্চের উদ্ভব ও বিকাশের সংক্ষিপ্ত পরিচয় দিন।

চ) রূপক ও সাংকেতিক নাটকে রবীন্দ্রনাথের অনন্য প্রতিভার পরিচয় দিন।

২) যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তা ও কাব্যকৃতির পরিচয় দিন।

খ) উনিশ শতকের বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করুন।

গ) দীনবন্ধু মিত্রের প্রহসনগুলির পরিচয় দিন।

ঘ) আখ্যানকাব্য কাকে বলে? আখ্যানকাব্যের দুজন কবির নাম ও তাঁদের কবিকৃতির বিষয়ে আলোচনা করুন।

ঙ) বাংলা উপন্যাসে রমেশচন্দ্র দত্তের স্থান নির্ণয় করুন।

চ) সংক্ষিপ্ত পরিচয় দিন (যে-কোনো তিনটি) ঃ
গেরাসিম লেবেডফ্, পলাশির যুদ্ধ, মানকুমারী বসু, গোবিন্দচন্দ্র দাস, সারদামঙ্গল, বাউল গান, আগমনি গান।

৩) যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) 'কঙ্কাবতী' গ্রন্থটি এবং তার রচয়িতা সম্বন্ধে আলোচনা করুন।

খ) শাক্ত পদাবলির শ্রেষ্ঠ কবির সম্পর্কে সংক্ষেপে লিখুন।

গ) বাঙালির জাতিগঠনের সংক্ষিপ্ত পরিচয় দিন।

ঘ) রবীন্দ্রকাব্যের অন্ত্যপর্বের সংক্ষিপ্ত আলোচনা করুন।

ঙ) কবি হিসাবে জীবনানন্দ দাশের স্বাতন্ত্র্য চিহ্নিত করুন।

চ) ছোটোগল্পকার প্রভাতকুমারের বৈশিষ্ট্য চিহ্নিত করুন।

ছ) প্রহসন রচয়িতা হিসাবে মধুসূদনের স্থান নির্ণয় করুন।